রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুলাই ৩, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিধি-১ শাখা**

**পরিপত্র**

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩০/২৩ মে, ২০২৩

**বিষয় : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর আওতা বহির্ভূত মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন এবং স্বশাসিত সংস্থার ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি প্রদান বিষয়ক কমিটি।**

নং **০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩-১২৮**—সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের অধীন ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য পূর্বে জারীকৃত পরিপত্রসমূহ রহিত করিয়া নিম্নরূপ বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি গঠন করা হইল :

**(ক) কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব | সভাপতি |
| ২। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান | সদস্য |
| ৫। | প্রশাসনিক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন) | সদস্য সচিব |

**(খ) কমিটির কার্যপরিধি :**

(ক) উপসচিব ব্যতীত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীন ক্যাডারভুক্ত এবং ক্যাডার বহির্ভূত জাতীয় বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি;

(খ) বাংলাদেশ সরকারী কর্মকমিশনের আওতা বহির্ভূত মন্ত্রণালয়/বিভাগের অধীন বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে সরাসরি নিয়োগ;

(গ) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে বিভিন্ন স্বাশাসিত সংস্থায় স্থায়ীভাবে বদলীকৃত/স্থায়ীভাবে প্রেষণে নিয়োজিত সরকারি কর্মকর্তাগণের বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ;

(ঘ) সংশ্লিষ্ট আইন/নিয়োগবিধি অনুযায়ী বিভিন্ন স্বশাসিত সংস্থার পরিচালনা পরিষদ বহির্ভূত অন্যান্য যে সকল পদের নিয়োগ/পদোন্নতি প্রদানের দায়িত্ব সরকারের, সেই সকল পদে নিয়োগ/পদোন্নতি;

(ঙ) বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদের উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);

(চ) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

২। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd